উপজেলা পরিষদ কার্যালয়

আটপাড়া, নেত্রকোণা

উপজেলা পরিষদের জুন ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব রুয়েল সাংমা, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা
সভার তারিখ ও সময়	:	২৫.০৬.২০২৫ খ্রিঃ, বেলা ১১.০০ টা।
সভার স্থান	:	উপজেলা পরিষদ হল রুম।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা	:	পরিশিষ্ট-ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা	:	পরিশিষ্ট-খ
সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা:		পরিশিষ্ট-গ

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। এ্যাম্বুলেন্স সার্ভিস চলমান আছে। ডেঙ্গু রোগী শনাক্তকরণের জন্য প্রয়োজনীয় কিট সরবরাহসহ পর্যাপ্ত ঔষুদ সরবরাহ রয়েছে। কোভিড-১৯ সংক্রমন প্রতিরোধে সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন।	ক) রোগীদের সেবার মান বাড়াতে এবং সেবা প্রার্থীদের ভোগান্তি কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন করে অত্র সভায় অবহিত করতে হবে। গ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে শিশুদের টিকা প্রদানের তথ্যাদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, আটপাড়া।
২.	উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউশের আবাদ হয়েছে ৪৫০ হে.। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে।	(ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে। (খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) কৃষকদের পুষ্টির চাহিদা মিটানোর জন্য বাড়ি বাড়ি উঠানে সবজি চাষে উদ্বুদ্ধ করতে হবে। (ঘ) প্রত্যেক মাসে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহবান করে সভায় অবহিত করতে হবে।	উপজেলা কৃষি অফিসার, আটপাড়া সংশ্লিষ্ট সকল
৩.	উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজ- চিকিৎসা, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং, কৃত্রিম প্রজনন, ঘাস চাষসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া হাঁসমুরগি, কবুতরের পক্স, রানীক্ষেত্র ভ্যাক্সিনের সরবরাহ পর্যাপ্ত আছে। রোগ ব্যাধি নিয়ন্ত্রণে সব ধরণের পরামর্শ প্রদান করা হচ্ছে। বর্ষাকালে ঘাস চাষের জন্য উপযুক্ত সময়। অত্র অফিহ হতে নেপিয়ার ঘাসের কাটিং সংগ্রহের সুযোগ রয়েছে।	(ক) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সংশ্লিষ্ট সকল
৪.	উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের নিমিত্ত ০২ টি মোবাইল কোর্ট বাস্তবায়ন করা হয়েছে। ১ জনকে ৩০০০/- টাকা জরিমানা করা হয়েছে। তিনি আরো জানান, সুমাইখালি বিলে এডিবি প্রকল্পের আওতায় মৎস্য অভয়াশ্রম স্থাপন করা হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে নতুন ১২৫ জন মৎস্যজীবী হিসাবে নিবন্ধিত করা হয়েছে। এছাড়াও স্বাস্থসম্মত ও নিরাপদ মাছ সরবরাহের লক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগ কাজ করে যাচ্ছে।	(ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় (গ) নিষিদ্ধ কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে সভায় অবহিত করতে হবে	উপজেলা মৎস্য অফিসার, আটপাড়া সংশ্লিষ্ট সকল
৫.	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। আগামী ১১.০৭.২০২৫ তারিখ বিশ্ব জনসংখ্যা দিবস। উক্ত দিবসের সকলের উপস্থিতি কামনা	(ক) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রম সভায় অবহিত করতে হবে। (খ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে গর্ভবতী মায়ের তথ্যাদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,
৬.	উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলীর জানান যে, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে আটপাড়া উপজেলার বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি আওতায় প্রকল্পের কাজ চলমান আছে।	ক) ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলার বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি আওতায় সকল প্রকল্পের গুণগত মান বজায় রেখে দ্রুত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রকৌশলী, আটপাড়া ও সংশ্লিষ্ট সকল
৭.	জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে বিভিন্ন ইউনিয়ন হতে প্রাপ্ত আবেদন যাচাই বাছাই কার্যক্রম চলমান আছে। ২০২৩-২৪ অর্থ বছরে নলকূপ স্থাপনের কাজ সম্পূর্ণ হয়েছে। তিনি আরো জানান, "বন্যায় ক্ষতিগ্রস্থ জরুরী সহায়তায় পানির উৎস্য স্থাপন ও স্যানিটেশন" প্রকল্পের আওতায় ৬২ টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বোরিং সম্পন্ন	(ক) ২০২৩-২৪ অর্থ বছরে যেসকল নলকূপ স্থাপনের কাজ সম্পূর্ণ হয়েছে তার সচিত্র প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। (খ) "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর সুবিধাভোগী তালিকা সরেজমিনে যাচাই বাছাই করে তালিকা চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) ১৪টি বিদ্যালয়ে ওয়াশব্লকের কাজ দ্রুত সম্পন্ন করে সচিত্র প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।	জনস্বাস্থ্য প্রকৌশল আটপাড়া
৮.	উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর ও কাবিখা কর্মসূচির কাজ প্রায় শেষ পর্যায়। তাই সংশ্লিষ্ট সকলকে প্রকল্পগুলোর কাজ সম্পন্ন করে মাস্টাররোল	(ক) ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর ও কাবিখা কর্মসূচির কাজ সম্পন্ন করে মাস্টাররোল এবং ভাউচার জমা করে খাদ্য শস্য বা বিল গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া।

	এবং ভাউচার জমা করে খাদ্য শস্য বা বিল গ্রহণ করার জন্য অনুরোধ জানান। খাদ্য শস্য চাল ও পশ উত্তোলনের সর্বশেষ সময় আগামী ৩০.০৬.২০২৫ খ্রি. তারিখ।	(খ) ২০২৪-২৫ অর্থ বছরে টি আর/কাবিখা/কাবিটা ১ম, ২য় ও ৩য় পর্যায়ে সকল প্রকল্পের কাজ বিধি মোতাবেক দ্রুত বাস্তবায়ন করে সভায় অবহিত করতে হবে।	ও প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল)
৯.	উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, VWB কার্যক্রমের আওতায় আবেদন প্রক্রিয়াধীন আছে। তাছাড়া উপজেলা এডিবি প্রকল্পের আওতায় নারী উদ্যোক্তাদের জীবনমান উন্নয়নে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে।	(ক) মা ও শিশু সহায়তা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। (খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থাপন করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল)
১০.	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ২৬.০৬.২৫ তারিখ হতে ২০২৫ সালের এইচ.এস.সি, এইচ.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অন্যান্য বিভাগীত কার্যক্রম চলমান আছে।	(ক) প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। (খ) মাধ্যমিক পর্যায়ে এমপিও ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন ব্যাংক হিসেবের মাধ্যমে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। (গ) শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনের বিবরণী পর্যায়ক্রমে সভায় অবহিত করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল
১১.	উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা জানানঃ ২৪.০৬.২০২৫ তারিখ থেকে সকল বিদ্যালয় খোলা হয়েছে। করোনা ও ডেঙ্গু প্রতিরোধের জন্য পরিষ্কার ও পরিচ্ছন্নতা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	(ক) বিদ্যালয় খোলার দিন শিক্ষক/ছাত্র-ছাত্রীদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে। (খ) সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিস্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও শিক্ষার মান উন্নয়নে নিয়মিত পরিদর্শন করতে হবে। (গ) উপজেলা শিক্ষা ব্যবস্থাপনা কমিটির সভা করে অত্র সভায় অবহিত করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া ও সংশ্লিষ্ট সকল
১২.	উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে বিভিন্ন কর্মসূচী ৪র্থ কিস্তির ভাতার অর্থ ইতোমধ্যে উপকারভোগিদের মাঝে প্রদান সম্পন্ন হয়েছে। এবছরে প্রতিবন্ধী ভাতার ১৭৯ টি নতুন বরাদ্দ পাওয়া যায়। সেগুলো যাচাই বাছাই করে পেরোল করা হবে। হিজড়া ভাতার ২৭টি বরাদ্দ পাওয়া যায়। এর মধ্যে যোগ্য আবেদনকারী না পাওয়ায় পেরোল করা সম্ভব হয়নি। চলতি মাসে হাসপাতাল সমাজসেবা কার্যালয়ে আওতায় রোগী কল্যাণ সমিতির মাধ্যমে হাসপাতালে আগত ৬৩ জন গরীব রোগীদের ৯৯,১০০/- টাকার প্রয়োজনীয় ওষুদপত্র কিনে দেওয়া হয়।	(ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। (খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। গ) ভিক্ষুক ও প্রতিবন্ধিদের তালিকা প্রস্তুত করে পুনর্বাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঘ) উপজেলা সমাজ কল্যাণ পরিষদের সভা করে অত্র সভায় অবহিত করতে হবে। ঙ) ভিক্ষুক পুনর্বাসনের নতুন তালিকা প্রস্তুত করে সভায় অবহিত গ্রহণ করতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ও প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল)
১৩.	উপজেলা যুব উন্নয়ন অফিস : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। জুন/২৫ মাসে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রকল্প গ্রহণকৃত ০৬ জন যুবককে ২,৫০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হবে।	(ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। (খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋণ আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া
১৪.	উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে কার্যক্রম চলমান আছে।২০২৪-২৫ অর্থ বছরে ঋণ বিতরণ হয়েছে ৬৫.৬০ টাকা এওং আদায় হয়েছে ৪৭.০০ টাকা। এছাড়া সকল কার্যক্রম অব্যাহত আছে।	(ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। (খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) সার্টিফিকেট মামলার বিস্তারিত তথ্যাদি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আটপাড়া
১৫.	ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া শাখাঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে কার্যক্রম চলমান আছে। এছাড়া বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কাজ চলমান আছে। খেলাপী ঋণ আদায়ের জন্য প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক আইনি নোটিশ প্রেরণ করা হচ্ছে।	উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।	ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল)
১৬.	উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থ বছরে মে/২৫ পর্যন্ত ২.৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৯৮%। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিস ছোট ছোট শিল্পখাতে সর্বনিম্ন ৮% সুদে ঋণ প্রদান করে থাকে। তাছাড়া তিনি আরো জানান, পল্লী দারিদ্র বিমোচন অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ প্রশাসকগণের সহযোগিতা কামনা করেন।	(ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। (খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া।
১৭.	উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় করা হয়েছে ২৭৬০/-। অডিট ফি বাবদ ১১৬০/- এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৭২৫ আদায় করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	আটপাড়া উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া
১৮.	উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিসঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, VWB চালের বরাদ্দ পাওয়া গেছে। বোরো ধান সংগ্রহের কার্যক্রম চলমান আছে। ২৫.০৬.২০২৫ তারিখ পর্যন্ত আমাদের ধান সংগ্রহ হয়েছে ৩২৬.০০ মে.ট.।	বোরো ধান যথাযথভাবে সংগ্রহ সম্পন্ন করে সভায় অবহিত গ্রহণ করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আটপাড়া
১৯.	উপজেলা জাইকা প্রকল্পঃ সভার সভাপতি জানান যে, উপজেলা জাইকা প্রকল্পের ইউডিএফ অনুপস্থিত থাকায় সভায় সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহিত হয়।	নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে আগামী সভার ০৩ দিন পূর্বে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগীয় কর্মকর্তা (সকল) ও সংশ্লিষ্ট সকল

৩.	প্রশাসক, উপজেলা পরিষদঃ জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে আইন ও বিধি মোতাবেক দায়িত্ব ও কর্তব্য পালন করার অনুরোধ জানান।	উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগীয় কর্মকর্তা (সকল), আটপাড়া।

বিবিধ আলোচনাঃ

২১. উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদে অবস্থিত বাসাবাড়িতে অবস্থানরত অনেক কর্মকর্তা কর্মচারীগণ যথাযথভাবে ভাড়া কর্তন করেন না এমনকি বিদ্যুৎ বিল পরিশোধ করেনা। জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ বাসাবাড়ি বরাদ্দ কমিটির সভা আহবান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২২. উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত নিম্নলিখিত বিলসমূহ সভায় উপস্থাপন হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত বিলগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

ক্র নং	ব্যয়ের খাত			টাকার পরিমান
১.	উপজেলা পরিষদে ঝড়ে উপড়ে পড়া গাছ কর্তন বাবদ একত্রিকরণের ব্যয় বিল			১১,৫০০/-
২.	উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা আয়োজনের ডিসেম্বর/২৪ হতে জুন/২৫ মাস পর্যন্ত ০৭ মাসের আপ্যায়ণ ব্যয় বিল			৫৬,০০০/-
৩.	পবিত্র ঈদ উল আযহার ১০ দিনের সরকারি ছুটিতে উপজেলা পরিষদ চত্বর নিরাপত্তার ভাতা প্রদানের বিল			৮,০০০/-
৪.	২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন প্রকল্পের টেন্ডার ২০.০৫.২৫ তারিখের দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস পত্রিকায় প্রকাশের বিল	বিল ২৫,৮৭৫/-	ভ্যাট ৩,৮৮১/-	২৯,৭৫৬/-

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রুয়েল সাংমা)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৫.৬৪৬/(৩০)

তারিখঃ ২৫.০৬.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা.....কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা
২. প্রশাসক (সকল).....ইউপি, আটপাড়া, নেত্রকোণা
৩. অফিস কপি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. প্রশাসক, উপজেল পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

কর্মকর্তা	জনপ্রতিনিধি
১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা ২. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ৩. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণ। ৫. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ৭. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ৮. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ৯. উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা ১০. উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ১১. উপজেলা শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। ১২. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা। ১৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।	১. প্রশাসক, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদ, আটপাড়া ২. প্রশাসক, শুনই ইউনিয়ন পরিষদ, আটপাড়া ৩. প্রশাসক, লুনেশ্বর ইউনিয়ন পরিষদ, আটপাড়া ৪. প্রশাসক, বানিয়াজান ইউনিয়ন পরিষদ, আটপাড়া ৫. প্রশাসক, তেলিগাতী ইউনিয়ন পরিষদ, আটপাড়া ৬. প্রশাসক, দুওজ ইউনিয়ন পরিষদ, আটপাড়া ৭. প্রশাসক, সুখারী ইউনিয়ন পরিষদ, আটপাড়া

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

কর্মকর্তা	জনপ্রতিনিধি
১. উপজেলা কৃষি অফিসার, আটপাড়া, নেত্রকোণা।	

কর্মকর্তা/জনপ্রতিনিধি ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

কর্মকর্তা	জনপ্রতিনিধি

১৫/৬/২৫

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা